



প্রেস বিজ্ঞপ্তি

০১ এপ্রিল ২০১৮

ব্লাস্ট রংপুর ইউনিট পরিচালনা পরিষদের সদস্য, যুদ্ধাপরাধ ট্রাইব্যুনালের সাক্ষী, রংপুর জেলা জজ আদালতের বিজ্ঞ স্পেশাল পাবলিক প্রসিকিউটর এবং মানবাধিকারকর্মী এডভোকেট রথিশচন্দ্র ভৌমিক বাবু সোনা নিখোঁজ হওয়ার ঘটনায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) গভীর উদ্বেগ প্রকাশ করছে এবং অবিলম্বে তাকে উদ্ধারের জোর দাবি জানাচ্ছে।

গত ৩০ মার্চ ২০১৮ সকাল ৬ টার দিকে এডভোকেট রথিশ চন্দ্র ভৌমিক বাবু সোনা নিজ বাসভবন থেকে বের হয়ে যাওয়ার পর তার কোনো খোঁজ পাওয়া যাচ্ছে না এবং তার মোবাইল ফোনটিও বন্ধ পাওয়া যাচ্ছে। স্থানীয় পুলিশ প্রশাসন, পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) এবং র্যাব পৃথক পৃথকভাবে এ ঘটনার তদন্ত ও রথিশ চন্দ্র ভৌমিককে উদ্ধারের চেষ্টা করছেন বলে জানা যায়। তবে এ বিষয়ে এখনও পর্যন্ত কোনো অগ্রগতি জানা যায় নি।

প্রকাশিত সংবাদ থেকে জানা যায় যে, এডভোকেট রথিশ চন্দ্র ভৌমিক জাপানি নাগরিক কুনিও হোসি এবং মাজারের খাদেম রহমত আলী হত্যা মামলায় সরকার পক্ষের অন্যতম আইনজীবী হিসেবে দায়িত্ব পালন করেছেন, কিছুদিন আগে মামলা দুটির রায় প্রদান করা হয়েছে। একই সাথে যুদ্ধাপরাধী এটিএম আজহারুল ইসলাম-এর মামলায় অন্যতম সাক্ষী হিসেবেও তিনি যুদ্ধাপরাধ ট্রাইব্যুনালে সাক্ষ্য দিয়েছেন। পরিবার ও সামাজিক আন্দোলনে সহযোগীদের ভাষ্যমতে জানা গেছে, জাপানি নাগরিক এবং মাজারের খাদেম হত্যা মামলার রায় হওয়ার পর থেকে তার মোবাইলে বেশ কয়েকবার হুমকি দেওয়া হয়েছে এবং এ নিয়ে তিনি বেশ উদ্ভিগ্ন ছিলেন। পরিবার ও স্থানীয় সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দের উদ্ধৃতি দিয়ে সংবাদপত্র আরও জানিয়েছে, এডভোকেট রথিশ চন্দ্র ভৌমিককে হত্যার হুমকি দেওয়ার পরও স্থানীয় প্রশাসন কোনো প্রকার কার্যকর ব্যবস্থা গ্রহণ করেনি।

এ প্রসঙ্গে ব্লাস্ট বোর্ড অব ট্রাস্টিস সদস্য ও সুপ্রীম কোর্টের সিনিয়র আইনজীবী এডভোকেট জেড আই খান পান্না বলেন, “অনতি বিলম্বে নিখোঁজ এডভোকেট রথিশ চন্দ্র ভৌমিককে খুঁজে বের করে তার পরিবারের নিকট হস্তান্তর করার দায়িত্ব আইন শৃংখলা বাহিনীর। তাই আইন শৃংখলা বাহিনীকে তাকে উদ্ধার করার দ্রুত পদক্ষেপ নেয়ার জন্য বিশেষ অনুরোধ জানাচ্ছি”।

এডভোকেট রথিশ চন্দ্র ভৌমিক নিখোঁজ এবং ঘটনার ৩ দিন অতিবাহিত হবার পরও উদ্ধার না হওয়ায় ব্লাস্ট গভীর উদ্বেগ প্রকাশ করছে। অবিলম্বে তাকে খুঁজে বের করে তার পরিবারের কাছে ফিরিয়ে দেওয়াসহ এই ঘটনার সাথে সংশ্লিষ্ট সকলকে আইনের আওতায় আনারও জোর দাবি করছে।

এডভোকেট রথিশ চন্দ্র ভৌমিক বাবু সোনা যুদ্ধাহত মুক্তিযোদ্ধার সন্তান, যুদ্ধাপরাধ ট্রাইব্যুনালের সাক্ষী এবং রংপুরের প্রগতিশীল আন্দোলনের অন্যতম সংগঠক ও মানবাধিকার কর্মী। তার নিখোঁজ হওয়ার ঘটনা উদ্বেগজনক, দেশের প্রচলিত আইনে শাস্তিযোগ্য অপরাধ এবং সকল নাগরিকের নিরাপত্তা বিধানের রাষ্ট্রীয় অঙ্গীকারের চরম লঙ্ঘন। ব্লাস্ট এ ঘটনায় বিক্ষুব্ধ এবং এডভোকেট রথিশ চন্দ্র ভৌমিককে উদ্ধার, তার পরিবারের নিরাপত্তা বিধান এবং ঘটনায় জড়িতদের আইনের আওতায় নিয়ে দ্রুত বিচার ও যথাযথ শাস্তি প্রদানের জোর দাবি জানাচ্ছে।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন)

ই-মেইল: mahbuba@blast.org.bd